

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৬৮(আগরতলা ২৬।০২)

তেলিয়ামুড়া, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

বড়লুঙ্গায় টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের আনুষ্ঠানিক উদ্বোধন
রাজ্যের সব অংশের মানুষের কল্যাণে সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

বর্তমান রাজ্য সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দেখানো দিশায় কাজ করছে। প্রধানমন্ত্রীর পরিকল্পনা অনুযায়ী রাজ্যে মহিলা, কৃষক, যুবক ও গরিব অংশের মানুষের স্বশক্তিকরণের জন্য কাজ চলছে। কোন পরিবার যেন গৃহহীন না থাকেন তারজন্য প্রধানমন্ত্রী আবাস যোজনায় রাজ্যে প্রায় সাড়ে ৪ লক্ষ পরিবারকে পাকা আবাস দেওয়া হয়েছে। আজ তেলিয়ামুড়া ব্লকের বড়লুঙ্গায় টার্শিয়ারি ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এই ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৫০ লক্ষ টাকা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য সরকার রাজ্যের সব অংশের মানুষের কল্যাণে কাজ করছে। প্রতিটি পরিবারের জন্য শৌচালয় করে দেওয়া, রান্নার গ্যাসের সংযোগ দেওয়া, মহিলাদের আত্মনির্ভর করতে স্বসহায়ক দল গঠন করা হচ্ছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন করতে সব অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, জেলার পুলিশ সুপার রমেশ চন্দ্র যাদব, ত্রিপুরা নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পন্থ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। তাছাড়াও মুখ্যমন্ত্রী আজ তেলিয়ামুড়া পুর পরিষদের ৮নং ওয়ার্ডের নেতাজী নগরে বৈদ্যুতিক শ্মশানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পন্থ প্রমুখ। উল্লেখ্য, বৈদ্যুতিক শ্মশান নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ১৮ লক্ষ টাকা।
